# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 58617908, 9615576


স্মারক নং- ৩৭.১৬.০০০০.০০৬.৩২.০০১.২০-৪৩৮৭ তারিখঃ ১০/০৮/২০২০ খ্রিঃ

## ২০২০-২০২১ শিক্ষাবর্ষে দাখিল ৯ম শ্রেণির (দাখিল পরীক্ষা-২০২২) রেজিষ্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র বোর্ডের আওতাধীন সকল অনুমতি/স্বীকৃতিপ্রাপ্ত মাদ্রাসা ও ইসলামি বিশ্ববিদ্যালয়ে অধিভূক্ত ফাযিল ও কামিল মাদ্রাসা প্রধান এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দাখিল নবম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের সকল গ্রুপের রেজিষ্ট্রেশন সম্পর্কিত নিয়মাবলি নিম্নে দেয়া হলো। **২০২০-২০২১ শিক্ষাবর্ষে দাখিল ৯ম শ্রেণির রেজিষ্ট্রেশন (অনলাইনে) e-SIF পদ্ধতিতে সম্পন্ন করা হবে।**

**টটলিস্ট প্রস্তুত ও সংরক্ষণ (সংযুক্ত নতুন নমুনা ছক অনুযায়ী);**

**অনলাইন রেজিষ্ট্রেশনে সকল তথ্য ইংরেজিতে পূরণ বাধ্যতামূলক;** সুতরাং শিক্ষার্থীদের টটলিস্ট প্রস্তুতের সময় অবশ্যই ছাত্র-ছাত্রীদের পিতা-মাতা ও অভিভাবকবৃন্দের নিকট থেকে নামের সঠিক ইংরেজি বানান নিশ্চিত হয়ে টটলিস্ট প্রস্তুত করতে হবে। কেননা একই পিতা-মাতার অন্যান্য সন্তানের শিক্ষা সনদে ব্যবহৃত ইংরেজি নামের সঙ্গে মাদ্রাসায় অধ্যয়নরত শিক্ষার্থীর সনদের নামের ভুল থাকলে তার দায়-দায়িত্ব মাদ্রাসা প্রধানকে বহন করতে হবে। সুতরাং ভবিষ্যতে এ ধরণের জটিলতা এড়ানোর লক্ষ্যে অভিভাবকদের সহায়তায় একটি টটলিস্ট প্রস্তুত করে নির্ভুলভাবে অনলাইন রেজিষ্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করার জন্য সকল মাদ্রাসা প্রধানকে অনুরোধ করা যাচ্ছে।

**রেজিষ্ট্রেশন ফি জমাদান সংক্রান্ত নিয়মাবলী;**

০১. ফি জমাদান ও e-SIF Submission এর তারিখ

| ক্রমিক | বিষয় | তারিখ |
|---|---|---|
| ক) | বিলম্ব ফি ছাড়া ওয়েবসাইট থেকে প্রাপ্ত T.T. Slip অনুযায়ী ফি জমা করার তারিখ | ১৩/০৮/২০২০ থেকে ০৯/০৯/২০২০ পর্যন্ত |
| খ) | বিলম্ব ফি সহ ওয়েবসাইট থেকে প্রাপ্ত T.T. Slip অনুযায়ী ফি জমা করার তারিখ | ১০/০৯/২০২০ থেকে ২০/০৯/২০২০ পর্যন্ত |
| গ) | পূরণকৃত **e-SIF Final Submission** এর তারিখ | ২১/০৯/২০২০ থেকে ২৪/০৯/২০২০ পর্যন্ত |
| ঘ) | ০৩ নং নির্দেশনার আলোকে প্রস্তুতকৃত কাগজ পত্র জমা দেয়ার সর্বশেষ তারিখ | ০১/১০/২০২০ |
| ঙ) | T.T. করার ২৪ থেকে ৪৮ ঘন্টা পর টটলিস্ট অনুযায়ী ছবিসহ শিক্ষার্থীদের **e-SIF** পূরণ/এন্টি করা যাবে | |
| চ) | বিভাগ ও বিষয় পরিবর্তনের আবেদন করার শেষ সময় | ৩০/১১/২০২০ |

০২. **e-SIF (Electronic student Information Form) পূরণ এবং Submission এর নিয়মাবলী;**

একাধিক বার T.T. Slip প্রিন্ট করা যাবে। যেখানেই যার মাধ্যমে e-SIF তথ্য এন্ট্রি করা হোক না কেন তাদেরকে **প্রথমে শুধু এন্ট্রি পাসওয়ার্ড দিতে হবে।** এন্ট্রি পাসওয়ার্ড দিয়ে এন্ট্রির কাজ শেষে শিক্ষার্থীদের পূর্ণাঙ্গ তালিকার প্রিন্ট আউট নিয়ে ভালভাবে টটলিস্টের সাথে যাচাই বাছাই করতে হবে। যাচাই বাছাইয়ে যতবার ভুল ধরা পড়বে ততবার সংশোধিত প্রিন্ট নিতে হবে। সর্বশেষ নির্ভুল তালিকা হাতে পাওয়ার পর **মাদ্রাসা প্রধান Confirm Password ব্যবহার করবেন।** চুড়ান্ত তালিকার প্রিন্ট আউট এর ০৩ (তিন) কপি (মূল) বের করে শিক্ষার্থী ও মাদ্রাসা প্রধানের স্বাক্ষরসহ ০২ (দুই) কপি বোর্ডে/অঞ্চলে উল্লেখিত তারিখে জমা দিতে হবে। অন্য কপি মাদ্রাসা প্রধান সংরক্ষণ করবেন। **e-SIF এর ফটোকপি গ্রহনযোগ্য নয়।**

০৩. মাদ্রাসা প্রধানগণ T.T. Slip , **টটলিস্ট e-SIF** কপি ও স্ব স্ব মাদ্রাসার প্যাডে আবেদন সহ ০৩ (তিন) সেট প্রস্তুত করে প্রতি পৃষ্ঠায় মাদ্রাসা প্রধান কর্তৃক প্রতিস্বাক্ষর করে উল্লেখিত তারিখের মধ্যে বোর্ডে/আঞ্চলিক কার্যালয়ে ০২ (দুই) সেট জমা দিয়ে ০১ (এক) সেট রিসিভ করিয়ে মাদ্রাসা প্রধানগণ ফেরত নিবেন। ০১ (এক) সেট আঞ্চলিক কার্যালয়ের সহকারী পরিদর্শকগণ প্রতিপৃষ্ঠায় স্বাক্ষর করে যথাসময়ে বোর্ডে জমা দিবেন এবং অপর ০১ (এক) সেট আঞ্চলিক কার্যালয় জমা রাখবেন।

০৪. **বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটির ৪৫২ তম সভার সিদ্ধান্ত অনুযায়ী ৯ম শ্রেণিতে ভর্তির জন্য জেএসসি/জেডিসি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। এক বা একাধিক বিষয়ে ফেল করলে ৯ম শ্রেণিতে ভর্তি হতে পারবে না।**

০৫. e-SIF (Electronic student Information Form) Submission এর পর কোন অবস্থাতেই বোর্ডের পূর্বানুমতি ব্যতিত কোন শিক্ষার্থীকে ছাড়পত্র (টি.সি) দেয়া যাবে না। তবে শুধু পিতা-মাতা বা বৈধ অভিভাবক সরকারী চাকুরিজীবী হলে চাকুরিস্থল পরিবর্তন জনিত কারণে বোর্ড বিশেষ জরুরী মনে করলে বোর্ডের নির্ধারিত ফরম পূরণ করে বোর্ডের সম্মতিক্রমে **প্রতিষ্ঠান (মাদ্রাসা থেকে মাদ্রাসা) পরিবর্তনের (টি.সি) আবেদন ৩১ ডিসেম্বর ২০২০ তারিখ পর্যন্ত করা যাবে।**

০৬. **শিক্ষার্থীদের বয়স ১২ বছর পূর্ণ না হলে এবং ১৮ বছরের অধিক হলে কোন শিক্ষার্থী দাখিল নবম শ্রেণিতে ভর্তি হতে পারবে না।**

০৭. দাখিল নবম শ্রেণিতে অধ্যয়নরত ২০২০-২০২১ শিক্ষাবর্ষের ছাত্র/ছাত্রীদের জন্য তারিখ জেডিসি/জেএসসি পরীক্ষায় প্রদত্ত জন্ম তারিখ অনুযায়ী হবে।

০৮. একাধিক গ্রুপ/বিভাগের জন্য একটি T.T ব্যবহার করা যাবে। কিন্তু টটলিস্ট গ্রুপ/বিভাগওয়ারী আলাদা হতে হবে।

০৯. বোর্ডকর্তৃক পাঠদানের অনুমতিপ্রাপ্ত প্রতিষ্ঠান ব্যতিত শিক্ষার্থীদের রেজিষ্ট্রেশন করা যাবে না।

১০. দাখিল ৯ম শ্রেণির পাঠদানের অনুমতি/স্বীকৃতিপত্র এবং হালনাগাদ স্বীকৃতি নবায়নের সত্যায়িত ফটোকপি টটলিস্টের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে।

অপর পাতায় দ্রষ্টব্য

১১. রেজিস্ট্রেশন ফি-এর হার (শিক্ষার্থী প্রতি) নিম্নরূপ;

| ক্রমিক | বিবরণ | ফি এর হার |
|---|---|---|
| ক | রেজিস্ট্রেশন ফি | ১০০.০০ টাকা |
| খ | ক্রীড়া ফি | ৫০.০০ টাকা |
| গ | বয়স্কাউট/ গার্লস গাইড ফি | ১৫.০০ টাকা |
| ঘ | বিজ্ঞান ও প্রযুক্তি উন্নয়ন ফি | ৫.০০ টাকা |
| ঙ | অন্ধকল্যাণ তহবিল ফি | ০৫.০০ টাকা |
| চ | রেড ক্রিসেন্ট ফি | ২০.০০ টাকা |
| **ছ** | **বিলম্ব ফি ব্যাতিত মোট ফি** | **১৯৫.০০ টাকা** |
| জ | বিলম্ব ফি | ৫০.০০ টাকা (প্রযোজ্য ক্ষেত্রে) |
| **ঝ** | **বিলম্ব ফি সহ মোট ফি** | **২৪৫.০০ টাকা** |
| ঞ | মাদ্রাসা প্রতি ফি | ১০০.০০ টাকা |

১২. ছাত্র/ছাত্রীর নাম, পিতা/মাতার নামের পূর্বে বা পরে মৃত, হাজী, আলহাজ্জ, কর্ণেল, জজ, মেজর, ব্যারিষ্টার, এ্যাডভোকেট, ডঃ, ডাক্তার, মাষ্টার, শিক্ষক, প্রফেসর, অধ্যক্ষ, সুপার, মাওলানা, মৌলভী, হাফেজ, ক্বারী, জনাব, সাহেব, মিস, মিসেস, এম.এ, বি.এ ইত্যাদি লেখা যাবে না। এছাড়া সংক্ষিপ্ত কিংবা ডাক নামও উল্লেখ করা যাবে না।

১৩. বাংলাদেশ স্কাউটস,ঢাকা অঞ্চলের ১৬-০৩-২০১০ তারিখের স্মারক নং- বাঃ স্কাঃ ঢাঃ অঃ/৭৬৪৮(৬)/১০ এর প্রেক্ষিতে (বিশ্ব স্কাউট সংস্থার) মেম্বারশীপ ফি মাদ্রাসা প্রতি ২৩০.০০ (দুইশত ত্রিশ) টাকা সংস্থার সংশ্লিষ্ট আঞ্চলিকে জমা দিতে হবে।

**১৪. যে কোন ধরনের জটিলতা/সমস্যা সৃষ্টি হলে প্রথমতঃ কেন্দ্রীয় মাদ্রাসা প্রধানের সাথে এবং পরবর্তীতে আবেদন পত্রসহ বোর্ডের সংশ্লিষ্ট শাখায় সরাসরি যোগাযোগ করে সমাধান করে নিতে হবে।**

১৫. যে সকল মাদ্রাসায় বিভাগ বা বিষয় খোলার অনুমতি নেই সে সকল মাদ্রাসার শিক্ষার্থীরা সংশ্লিষ্ট বিষয় নিতে পারবে না।

**Help Line no- 01757291281, 01757291282, 01757291283**

বিঃ দ্রঃ-

**১) বিজ্ঞপ্তিতে উল্লেখিত রেজিস্ট্রেশনের নির্ধারিত সময়সীমার পর এ সংক্রান্ত কোন আবেদন গ্রহণ করা হবেনা।**

**২) অত্র বিজ্ঞপ্তি এবং প্রয়োজনে বিজ্ঞপ্তির কোন সংশোধনী বোর্ডের ওয়েবসাইটে (www.bmeb.gov.bd) প্রকাশ করা হবে।**

১০.০৮.২০২০

**(মোঃ সিদ্দিকুর রহমান)**
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,ঢাকা।
ফোনঃ ৯৬১২৮৫৮

**প্রাপকঃ অধ্যক্ষ/সুপার**
**বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল মাদ্রাসা।**

স্মারক নং- ৩৭.১৬.০০০০.০০৬.৩২.০০১.২০-৪৩৮৭

তারিখঃ ১০/০৮/২০২০ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি বিতরণঃ

০১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
০৫. প্রকাশনা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
০৬. হিসাব রক্ষণ অফিসার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
০৭. সিনিয়র সিষ্টেম এনালিষ্ট (চলতি দায়িত্ব), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
০৮. জনাব, মোঃ আমির উদ্দিন, প্রোগ্রামার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
০৯. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদপ্তর, ময়মনসিংহ/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা ও বরিশাল অঞ্চল।
১০. সহকারী পরিদর্শক, ময়মনসিংহ/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা ও বরিশাল অঞ্চল।
(নির্ধারিত সময়ের মধ্যে মাদ্রাসা প্রধানগন কর্তৃক প্রস্তুতকৃত টটলিস্ট, e-SIF এর প্রিন্ট আউটের (মূল) কপি T.T Slip, পাঠদানের অনুমতি/স্বীকৃতি পত্র/স্বীকৃতি নবায়ন পত্রের সত্যায়িত ফটোকপি ও মাদ্রাসা প্যাডের আবেদন পত্র সহ ০৩ (তিন) সেট গ্রহন পূর্বক ০১ (এক) সেট রিসিভ করে ফেরত দেবেন ও ০১ (এক) সেট অঞ্চলে জমা রাখবেন এবং টটলিস্টের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করে ১৫ (পঁনের) দিনের মধ্যে ০১ (এক) সেট বোর্ডের রেজিষ্ট্রেশন শাখায় জমা দেয়ার জন্য তাঁকে অনুরোধ করা হলো।
১১. পি.ও.টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. পি.এ.টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩. পি.এ.টু পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১৪. অফিস কপি।

১০.০৮.২০২০

**(তৈয়ব হোসেন সরকার)**
উপ-রেজিস্ট্রার (কমন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,ঢাকা।
ফোনঃ-৯৬৭৫৪০৩

“নমুনা ছক”

# BANGLADESH MADRASAH EDUCATION BOARD, DHAKA

TOT LIST FOR DAKHIL SESSION: 2020-2021, EXAMINATION-2022

| | | | |
|---|---|---|---|
| **ZILLA CODE** | : | **ZILLA NAME** | : |
| **UPZILLA/THANA CODE** | : | **UPZILLA/THANA NAME** | : |
| **CENTER CODE** | : | **CENTER NAME** | : |
| **POST OFFICE CODE** | : | **POST OFFICE NAME** | : |
| **MADRASAH CODE** | : | **MADRASAH NAME** | : |
| **EIIN NO** | : | **GROUP** | : |

| SL | STUDENT'S NAME | FATHER'S NAME | MOTHER'S NAME | DATE OF BIRTH | Previous Passing Information JDC/JSC | | OPTIONAL SUBJECT | REG. FEE | LATE FEE | TOTAL FEE | STUDENT'S SIGNATURE |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ROLL NO/ PASSING YEAR | REG. NO/ SESSION | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |

| TOTAL STUDENT: | | GRAND TOTAL FEE: | | TT NO: | |
|---|---|---|---|---|---|
| | | | | DATE: | |
| | | | | SONALI BANK BRANCH NAME: | |

বোর্ড কর্তৃক মাদ্রাসার স্বীকৃতি/অনুমতি পত্রের স্মারক নম্বর ও তারিখঃ..............................................................

অনুমতি/স্বীকৃতির মেয়াদঃ............................................

গভর্ণিং বডি/ম্যানেজিং কমিটি/এডহক কমিটির মেয়াদ উত্তীর্ণের তারিখঃ .....................................................

প্রত্যয়ন করা যাচ্ছে যে,

১) উল্লেখিত শিক্ষার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ও বিষয় কোড ইত্যাদি সঠিকভাবে লেখা হয়েছে।

২) বিজ্ঞপ্তিতে উল্লেখিত রেজিস্ট্রেশনের নির্ধারিত সময়সীমার পর এ সংক্রান্ত আর কোন আবেদন করবো না।

**অফিস সহকারী**
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
আঞ্চলিক কার্যালয়,................

**সহকারী পরিদর্শক**
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
আঞ্চলিক কার্যালয়,................

**অধ্যক্ষ/সুপারের স্বাক্ষর ও নামের সীল**
তারিখঃ ..................................